# সেইফগার্ডিং আচরণ বিধি

## সিআইপিআরবি-এর কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রযোজ্য

সিআইপিআরবি-র সাথে সম্পৃক্ত সকলে শিশু, প্রাপ্তবয়স্ক এবং বিপদাপন্ন প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের সাথে ভাল ব্যবহার করবে-এটি সবচেয়ে গুরুত্বপূর্ণ।

### কী করতে হবে

- নিরাপদ এবং শিশুবান্ধব পরিবেশ সৃষ্টি করা
- শিশুদের সুস্থ জীবন-যাপন এবং শারীরিক নিরাপত্তা নিশ্চিত করা
- শিশুদের প্রতি যত্ন, সংবেদনশীলতা এবং সহায়তামূলক মনোভাব প্রদর্শন করা
- শিশুদের কাজের প্রশংসা করা, তাদেরকে উৎসাহিত ও আগ্রহী করা
- শিশুদের শিক্ষাদান ও সুস্থ জীবন-যাপনের ক্ষেত্রে সহায়তা প্রদান করা
- সকলের বিশেষ করে শিশুদের মতামতকে সম্মান দেখানো
- স্থানীয় রীতি-নীতি, নিয়ম-কানুন মেনে চলা
- মা-বাবা অথবা প্রাপ্তবয়স্ক তত্ত্বাবধানকারীদের সাথে শিশুদের নিরাপদ সঙ্গ নিশ্চিত করা
- প্রতিবন্ধী শিশুদের প্রতি যত্ন নেওয়া
- শিশুদের ছবি তোলা, ভিডিও করা এবং ব্যক্তিগত তথ্য সংগ্রহের সময় সম্মতি দিতে সক্ষম এমন ১২ বছর ও তদুর্ধ্ব শিশুকে স্পষ্টভাবে উদ্দেশ্য জানানো এবং লিখিত সম্মতি নেওয়া
- শিশুদের ছবি তোলা, ভিডিও করা এবং ব্যক্তিগত তথ্য সংগ্রহের সময় ১২ বছরের কম বয়সী শিশুকে এবং সম্মতি দিতে সক্ষম অভিভাবককে স্পষ্টভাবে উদ্দেশ্য জানানো এবং অভিভাবকের লিখিত সম্মতি নেওয়া

### কী করা যাবে না

- মানসিক, শারীরিক, সামাজিক, মৌখিক, মনস্তাত্ত্বিক বা যৌন নির্যাতন করা
- শিশুদের সাথে তাদের তত্ত্বাবধানকারী সম্পর্কিত কোনো জরুরি তথ্য গোপন করা
- সিআইপিআরবি প্রদত্ত কোনো সেবার বিনিময়ে শিশুদের বা তাদের মা-বাবার কাছ থেকে নিয়ম বহির্ভূতভাবে কোনো আর্থিক বা অন্য যেকোনো ধরনের সুবিধা চাওয়া
- শিশু নির্যাতন বা অবহেলা সংক্রান্ত রিপোর্ট গোপন রাখা বা নিজ উদ্দেশ্য সাধনে কাজে লাগানো

- শিশুদের নিজ উদ্দেশ্য সাধনের জন্য বা ব্যক্তিগত কাজে সম্পৃক্ত করা
- যেকোনো ধরনের শিশুশ্রমে উৎসাহ দেওয়া
- শিশুদের সাথে উপযুক্ত নয় এমন আচরণ করা
- যৌন হয়রানিমূলক কোনো ভাষা ব্যবহার করা অথবা ইঙ্গিত প্রদর্শন করা
- শিশু নির্যাতনে সহযোগিতা করা
- শিশুদের সাথে যেকোনো ধরনের বৈষম্যমূলক আচরণ করা
- শিশুদের মতামত, পরামর্শ বা উদ্বেগকে অগ্রাহ্য করা
- শিশুদের সাথে মিথ্যা কথা বলা বা তাদেরকে মিথ্যা প্রতিশ্রুতি দেওয়া
- রাজনৈতিক উদ্দেশ্যে শিশুদের কাজে লাগানো
- মানসিক বা শারীরিক ঝুঁকি আছে এমন কোনো কাজে শিশুদের সম্পৃক্ত করা
- অসামাজিক বা অনৈতিক কোনো কাজে শিশুদের ব্যবহার করা
- বাল্যবিবাহে শিশুদের উৎসাহ দেওয়া
- লিখিত সম্মতি ছাড়া শিশুদের ছবি তোলা বা তাদের ভিডিও করা
- পর্নোগ্রাফিতে শিশুদের সম্পৃক্ত করা বা তাদের উপস্থিতিতে দেখা
- গোপনীয়তা লঙ্ঘন করা

**আপোষ করা হবে না**

- শিশু এবং বিপদাপন্ন প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের প্রতি নির্যাতন (যৌন, শারীরিক, মৌখিক বা মানসিক)
- শিশু এবং বিপদাপন্ন প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের প্রতি সহিংসতা
- শিশু এবং প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের (বিশেষ করে বিপদাপন্ন প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের) মধ্যে বৈষম্য সৃষ্টি
- কোনো গোপন কথা প্রকাশ না করার জন্য ভয় দেখানো বা হুমকি দেওয়া
- বাল্যবিবাহ সমর্থন করা
- বাড়িতে বা কর্মক্ষেত্রে শিশুদের কাজে নিয়োগ দান
- গোপন তথ্যের অপব্যবহার
- শিশু নির্যাতনের কোনো ঘটনা বা তথ্য গোপন করা বা গোপন করতে সহযোগিতা করা
- শিশুকে অবহেলা করা যার কারণে শিশুর শারীরিক বা মানসিক ক্ষতি বা মৃত্যু হতে পারে
- আর্থিক দুর্নীতি, ক্ষমতার অপব্যবহার, প্রতারণা করা বা মিথ্যা প্রতিশ্রুতি দেওয়া
- নির্যাতন সংক্রান্ত মিথ্যা অভিযোগ আরোপ

**স্টাফপ্রদত্ত প্রতিশ্রুতি**

সিআইপিআরবি তে কর্মরত থাকাকালীন আমি কখনোই-

- তথ্য সংগ্রহ ও পরামর্শ বা উপদেশ দেয়ার সময় এমন কোনো ভাষা ব্যবহার করবো না যা অনুপযুক্ত, অশোভন বা অপমানজনক।
- এমন কোনো শারীরিক ভঙ্গি করবো না যা অনুপযোগী বা যৌন উত্তেজনামূলক।
- শিশুদের এমন কোনো ব্যক্তিগত কাজে সাহায্য করতে এগিয়ে যাবো না যা তারা নিজেরাই করতে পারে।
- শিশুদের সাথে এমন ব্যবহার করবো না যা অবৈধ, অনিরাপদ, অপমানজনক বা সামাজিক দিক থেকে অনুপযুক্ত।
- শিশুদের লজ্জা দেওয়া, অপমান করা বা মর্যাদাহানির উদ্দেশ্যে কোনো কাজ করবো না অথবা কোনো ধরনের নির্যাতনমূলক কাজে নিজেকে সম্পৃক্ত করবো না।
- বৈষম্য সৃষ্টি, নির্দিষ্ট কোনো শিশুর প্রতি পক্ষপাতিত্ব বা স্বজনপ্রীতি দেখাবো না ।
- শিশুদের সাথে শারীরিক সম্পর্ক স্থাপন করবো না।
- শিশুদের সাথে এমন কোনো সম্পর্ক তৈরি করবো না যাতে কোনোভাবে তা শিশুর জন্য অপমানজনক বা নিজ স্বার্থসিদ্ধির উদ্দেশ্যে শিশুটির সাথে সম্পর্ক তৈরি করা হয়েছে বলে মনে হতে পারে।
- কোনো পরিস্থিতিতেই শিশুদের সাথে একা সময় কাটাবো না।
- কোনো শিশুকে তার সমাজ ত্যাগ করতে সহযোগিতা করবো না।
- নিজের সাথে যোগাযোগের জন্য ব্যক্তিগত তথ্য শিশুদের সাথে বিনিময় করবো না।
- শিশু বা তার পরিবারের সাথে সারারাত কাটাবো না।
- সিআইপিআরবি কর্তৃপক্ষের পূর্ব অনুমতি ছাড়া কোনো ভিজিটরকে কমিউনিটিতে নিয়ে আসবো না।
- সিআইপিআরবি-তে কাজ করার সময় সেন্টারের অভ্যন্তরে বা প্রকল্প এলাকায় অ্যালকোহল বা অন্য নেশাজাতীয় দ্রব্য গ্রহণ বা তার ব্যবহার অথবা অবৈধ কোনো বস্তু ব্যবহার করবো না।

যেখানে শিশুরা সম্পৃক্ত সেখানে সম্ভব হলে এবং বাস্তবসম্মত হলে কমপক্ষে দুইজন প্রাপ্তবয়স্ক ব্যক্তি, একজন অবশ্যই মহিলা হবেন, সব কার্যক্রম তত্ত্বাবধান করবেন।

**ফটোগ্রাফ, ভিডিও এবং অন্যান্য ছবির ক্ষেত্রে-**

- কোনো ভিডিও করা এবং ছবি তোলার পূর্বে শিশু এবং তার মা-বাবা অথবা তত্ত্বাবধানকারীর মৌখিক এবং লিখিত সম্মতি নিতে হবে। ছবি তোলা বা ভিডিও করার আগে অবশ্যই সিআইপিআরবি-র কোনো কর্মকর্তাকে জানাতে হবে।
- ছবি এমনভাবে তুলতে হবে এবং ব্যবহার করতে হবে যাতে কোনোভাবেই শিশুর সম্মানহানি বা মর্যাদাহানি না হয়।
- ছবি তোলার আগে নিশ্চিত করতে হবে শিশুটির পোশাক মার্জিত এবং পরিপাটি আছে।

- শিশুর বা তার পরিবারের নিরাপত্তা এবং ব্যক্তিগত গোপনীয়তা নিশ্চিত করতে হবে এবং ইন্টারনেটে ছবি বা ভিডিও ব্যবহার করতে হলে সুনির্দিষ্টভাবে শিশু এবং তার পরিবারের সম্মতি নিতে হবে। কোনোভাবেই তাদের পরিচয় প্রকাশ করা যাবে না।
- প্রাতিষ্ঠানিক উদ্দেশ্য ছাড়া ব্যক্তিগত স্বার্থে প্রকল্পের কার্যক্রম সম্পর্কিত কোনো তথ্য, ছবি বা ভিডিও ব্যবহার করা যাবে না।

সিআইপিআরবি-এর কর্মকর্তা-কর্মচারীগণ সেইফগার্ডিং আচরণবিধিসমূহ মেনে চলার ক্ষেত্রে প্রতিশ্রুতিবদ্ধ। উপরোল্লিখিত আচরণবিধিসমূহ লঙ্ঘন করলে ঝুঁকির ধরন বিবেচনায় দোষী ব্যক্তিকে শাস্তিস্বরূপ **'কঠোর সতর্কীকরণ'** পত্র অথবা **'চাকুরী হতে অব্যাহতি'**সূচক পত্র প্রদান করা হয়।

সেইফগার্ডিং আচরণবিধিসমূহের ব্যাপারে কোনো প্রশ্ন থাকলে নিচের ই মেইলে যোগাযোগ করুন:

sangeeta@ciprb.org

----------------------------------------------------------------------------------------------------

**প্রতিশ্রুতি প্রদান**

আমি নিম্নস্বাক্ষরকারী সজ্ঞানে অঙ্গীকার করছি যে, সিআইপিআরবি-র কর্মী হিসেবে আমি উপরোল্লিখিত সেইফগার্ডিং আচরণবিধিসমূহ মেনে চলব এবং প্রতিষ্ঠানের সুনাম অক্ষুন্ন রাখব।

নাম এবং স্বাক্ষর :

পদবী :

তারিখ :

সিআইপিআরবি-র পক্ষে-

নাম এবং স্বাক্ষর :

পদবী :

তারিখ :